

প্রিয় পরিবারবর্গ,

আপনাদের এবং আপনাদের ছেলেমেয়েদের প্রতি আমার অঙ্গীকার পুনরায় ব্যক্ত করতে আমি আজ যোগাযোগ করছি। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) শিক্ষার্থীর অভিবাসনগত অবস্থা, রাষ্ট্রিক পরিচয়, অথবা ধর্ম যাই হোক না কেন, প্রত্যেকের পাবলিক স্কুলে অংশগ্রহণের অধিকার সংরক্ষণে নিবেদিত। আমাদের নীতি একই রয়েছে, এবং আমি আপনাদের ছেলেমেয়েকে স্কুল পাঠানো অব্যাহত রাখতে আমি উৎসাহিত করছি।

আপনি হয়তো জানেন যে, NYCPS পরিবারের অভিবাসন কিংবা রাজনৈতিক আশ্রয়ের অবস্থা বা স্ট্যাটাসের তথ্য অনুরোধ করে না অথবা লক্ষ্য রাখে না। শুধুমাত্র যখন আইন দ্বারা বাধ্যতামূলক হবে এবং শুধুমাত্র নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর আইনজীবির সাথে পরামর্শ করার পর স্থানীয়-নয় এমন আইন প্রয়োগকারী সংস্থার সাথে শিক্ষার্থীকে সাক্ষাৎ, স্কুলের ফ্যাসিলিটিতে প্রবেশ, অথবা রেকর্ড প্রকাশ করা হবে। যদি U.S. ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট অথবা অন্য কোনো স্থানীয়-নয় এমন আইন প্রয়োগকারী এজেন্সির কোনো এজেন্ট স্কুলের বিল্ডিংয়ে প্রবেশ করার চেষ্টা করে অথবা তথ্য জানতে চায়, তবে আমাদের স্কুলের স্টাফরা জানেন যে আমাদের আইনজীবির সাথে যোগাযোগ করতে হবে।

জানুয়ারি থেকে শুরু করে, আমরা আমাদের নীতিমালা ও বিভিন্ন প্রক্রিয়া সম্পর্কে হাজার হাজার স্টাফ সদস্যকে প্রশিক্ষণ দিয়েছি — এতে আছেন প্রিন্সিপাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর, স্কুলের নিরাপত্তা কর্মী, গাইডেন্স কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, এবং আরও অনেকে। আমরা অব্যাহতভাবে নিশ্চিত করবো যে আমাদের কর্মীরা অবহিত এবং প্রস্তুত আছেন। এছাড়াও আমরা একাধিক ভাষায় পরিবারদের জন্য "আপনার অধিকার জানুন" বিষয়ক প্রশিক্ষণ অধিবেশনের আয়োজন করতে কমিউনিটির অংশীদারদের সাথে কাজ করছি। আরো তথ্যের জন্য, [schools.nyc.gov/ProjectOpenArms](https://schools.nyc.gov/ProjectOpenArms) দেখুন। ফেডারেল নীতিমালা সম্পর্কে পরিবারদের প্রশ্ন থাকলে, তারা মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স-এর (MOIA) আইনি সহায়তা বা লিগ্যাল সাপোর্ট হটলাইনে 1-800-354-0365 নম্বরে ফোন করতে পারেন।

আমরা প্রয়োজন অনুযায়ী আমাদের পরিবার এবং আমাদের স্কুলের কমিউনিটিকে অব্যাহতভাবে হালনাগাদ করবো। আপনি NYCPS থেকে গুরুত্বপূর্ণ খবরগুলো পেয়েছেন তা নিশ্চিত করতে, অনুগ্রহ করে আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট ([schools.nyc.gov/NYCPSA](https://schools.nyc.gov/NYCPSA)) সক্রিয় করেছেন এবং আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ আছে তা নিশ্চিত করুন। এছাড়াও আপনি আপনার সন্তানের স্কুলে আপনার হালনাগাদকৃত যোগাযোগের তথ্য শেয়ার করতে পারেন।

আমাদের স্কুলগুলো আমাদের ছেলেমেয়েদের জন্য নিরাপদ স্থান হওয়া কতটা গুরুত্বপূর্ণ তা আমি জানি; আমি যখন ছোট ছিলাম তখন স্কুল আমার জন্য সেরকম নিরাপদ স্থান ছিল। NYCPS-এ বৈচিত্র্যময়তা আমাদের সর্বোচ্চ শক্তিগুলোর একটি, এবং আমি এমন একটি কমিউনিটি বজায় রাখতে অঙ্গীকারবদ্ধ যেখানে সকল শিক্ষার্থী শিখতে ও উন্নতি করতে পারে।

অংশীদারিত্বে,



মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর